

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা

বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোঃ রইছউল আলম মন্ডল, ভারপ্রাপ্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময়	:	২১ মার্চ ২০১৮ ও বেলা ০৩.৩০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করেন এবং বলেন এসব প্রতিশ্রুতির সাথে অনেক ক্ষেত্রে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় এগুলি বাস্তবায়নে দ্রুততম সময়ে কার্যক্রম সম্পাদন করা বাঞ্ছনীয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব(প্রশাসন) জনাব অরুন কুমার মালাকার প্রথমে বিগত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় অগ্রগতির বিবরণ অন্তর্ভুক্তির সংশোধনীসহ কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় কর্মকর্তাগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

প্রতিশ্রুতিঃ

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/ মন্তব্য	বাস্তবায়নে
১	সিরাজগঞ্জে সরকারি ভেটেরিনারি কলেজ স্থাপন করা।	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় অবহিত করেন যে, জানুয়ারী/২০১৩ হতে জুন/২০১৮ ইং পর্যন্ত (২য় সংশোধিত) মেয়াদী সিরাজগঞ্জ ভেটেরিনারি কলেজ স্থাপন প্রকল্পের আওতায় প্রকল্পের কাজ ইতোমধ্যে ৯৮% সম্পন্ন হয়েছে। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করা ও প্রকল্প পরবর্তী কার্যক্রমের প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	ক) নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান নিশ্চিত করে সংশ্লিষ্ট প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। খ) প্রকল্প পরবর্তী কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করতে হবে।	অতিঃ সচিব (প্রাস-২), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
২	মৎস্য চাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন।	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় অবহিত করেন যে, মৎস্যচাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ মৎস্য অধিদপ্তরের আওতায় জুলাই/২০১১-ডিসেম্বর/২০১৭ মেয়াদে “গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলায় মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন” প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপনে সকল কাজ সম্পন্ন হয়েছে। ২০১৮-২০১৯ বর্ষে একাডেমিক কার্যক্রম চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রতিশ্রুতিটি বাস্তবায়িত মর্মে গণ্য করা যায়।	ক) ২০১৮-২০১৯ বর্ষে একাডেমিক কার্যক্রম শুরু করতে হবে এবং শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে হবে। খ) প্রতিশ্রুতিটি বাস্তবায়িত মর্মে গণ্য করা যেতে পারে।	অতিঃ সচিব (মৎস্য), যুগ্মপ্রধান, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
৩	জেলেদের জন্য কৃষির অনুরূপ পরিচয় পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, সারাদেশ ব্যাপী জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ পর্যন্ত ১৬ লক্ষ ২০ হাজার জেলের নিবন্ধন করা হয়েছে। ১৪ লক্ষ ৬০ হাজার জেলের ছবি উঠানো হয়েছে এবং ১৪ লক্ষ ২০ হাজার আইডি কার্ড প্রস্তুত করে বিতরণ করা হয়েছে। জেলেদের নিবন্ধন কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া। জেলেদের নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ২০১৭-১৮ অর্থবছরে নতুন অর্থনৈতিক কোডে রেজিস্ট্রেশন ফি বাবদ ২ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তাছাড়া এ বিষয়ে একটি খসড়া নীতিমালা তৈরি করা হয়েছে। সভায় খসড়া নীতিমালা চূড়ান্ত করার জন্য অভিমত ব্যক্ত করা হয়। প্রতিশ্রুতিটি বাস্তবায়িত মর্মে গণ্য করা যায়।	ক) অবশিষ্ট আইডি কার্ড প্রস্তুতপূর্বক বিতরণ করতে হবে। খ) জেলে নিবন্ধন একটি চলমান প্রক্রিয়া বিধায় এটি হালনাগাদ করতে হবে। গ) খসড়া নীতিমালা চূড়ান্ত করতে হবে। ঘ) প্রতিশ্রুতিটি বাস্তবায়িত মর্মে গণ্য করা যেতে পারে।	অতিঃ সচিব (মৎস্য), যুগ্মপ্রধান, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
৪	গোপালগঞ্জ জেলায় হাঁস-মুরগির হ্যাচারি স্থাপন।	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় জানান যে, সরকারীভাবে হাঁসের বাচ্চা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে হ্যাচারিসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন প্রকল্প এর আওতায় অবকাঠামোগত নির্মাণ কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের (জুন/২০১৮ খ্রিঃ) মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত হবে। ৯৮% কাজ	ক) নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান নিশ্চিত করে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। খ) প্রকল্প পরবর্তী খামারের কাজ অব্যাহত রাখার জন্য	অতিঃ সচিব (প্রাস-২), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

